

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

(১৬০) নাপাক অবস্থায় কি কি বিধান প্রজোয্য?

নাপাক অবস্থায় প্রজোয্য বিধান সমূহ নিম্নরূপঃ

প্রথমঃ নাপাক ব্যক্তির জন্য নামায আদায় করা হারাম। ফরয, নফল, জানাযা সবধরণের নামায। কেননা আল্লাহ্ বলেন,

وَإِنْ كُنْتُمْ جُنُبًا فَاطَّهَّرُوا

"তোমরা যদি অপবিত্র হও, তবে পবিত্রতা অর্জন কর।" (সূরা মায়িদা- ৬)

দ্বিতীয়ঃ নাপাক ব্যক্তির জন্য আল্লাহর ঘরের তওয়াফ করা হারাম। কেননা কা'বা ঘরের তওয়াফ করলে মসজিদে অবস্থান করতে হয়। আর তওয়াফকে নামায বলা হয়েছে। আল্লাহ্ বলেন,

يَاأَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَقْرَبُوا الصَّلَاةَ وَأَنْتُمْ سُكَارَى حَتَّى تَعْلَمُوا مَا تَقُولُونَ وَلَا جُنُبًا إِلَّا عَابِرِي سَبِيلٍ حَتَّى تَغْتَسِلُوا

"হে ঈমানদারগণ! নেশাগ্রস্ত অবস্থায় তোমরা নামাযের নিকটে যেয়ো না, যে পর্যন্ত তোমরা কি বলছ তা বুঝতে না পার। এবং নাপাক অবস্থাতেও না, যতক্ষণ তোমরা গোসল না কর। তবে মসজিদে (অবস্থান না করে তার) ভিতর দিয়ে রাস্তা অতিক্রম করতে চাইলে ভিন্ন কথা।" (সূরা নিসা- ৪৩) তাছাড়া বিদায় হজ্জে আয়েশা (রাঃ) ঋতুবতী হয়ে পড়লে নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাকে বলেছিলেনঃ

"হজ্জ পালনকারীগণ যা করে তুমিও তাই করে যাও, তবে পবিত্র না হওয়া পর্যন্ত আল্লাহ্র ঘর তওয়াফ করো না।"

তৃতীয়ঃ কুরআন স্পর্শ করা হারাম। কেননা নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন,

أَنْ لَا يَمَسَّ الْقُرْآنَ إِلَّا طَاهِرٌ

"পবিত্র ব্যক্তি ছাড়া কেউ কুরআন স্পর্শ করবে না।"

চতুর্থঃ গোসল না করে মসজিদে অবস্থান করা হারাম। কেননা আল্লাহ্ বলেন,

يَاأَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَقْرَبُوا الصَّلَاةَ وَأَنْتُمْ سُكَارَى حَتَّى تَعْلَمُوا مَا تَقُولُونَ وَلَا جُنُبًا إِلَّا عَابِرِي سَبِيلٍ حَتَّى تَغْتَسلُوا

"হে ঈমানদারগণ! নেশাগ্রস্ত অবস্থায় তোমরা নামাযের নিকটে যেয়ো না, যে পর্যস্ত তোমরা কি বলছ তা বুঝতে না পার। এবং নাপাক অবস্থাতেও না, যতক্ষণ তোমরা গোসল না কর। তবে মসজিদে (অবস্থান না করে তার) ভিতর



দিয়ে রাস্তা অতিক্রম করতে চাইলে ভিন্ন কথা।" (সূরা নিসা- ৪৩)

পঞ্চমঃ গোসল না করে কুরআন পাঠ করা হারাম। কেননা আলী (রাঃ) বলেন,

كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّه عَلَيْهِ وَسَلَّمَ يُقْرِئُّنَا الْقُرْآنَ عَلَى كُلِّ حَالٍ مَا لَمْ يَكُنْ جُنُبًا

রাসূলুল্লাহ্ (ছাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম) নাপাক অবস্থা ব্যতীত সর্বাবস্থায় আমাদেরকে কুরআন পড়াতেন। নাপাক ব্যক্তির জন্য এই পাঁচটি বিধান প্রজোয্য।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=691

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন